8 JAN 2017
8 2

# ‘পাঠ্যবইয়ে ভুলের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান দায়ী’

■ সমকাল প্রতিবেদক

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এস এম আবুল কালাম আজাদ বলেছেন, প্রাথমিকের পাঠ্যবইয়ে ভুলের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান দায়ী। বাণিজ্যিক স্বার্থের জন্যই প্রাথমিক পাঠ্যসূচিতে এবং বইয়ের মধ্যে এই ভুলের সৃষ্টি হয়েছে, যা শিশুবান্ধব নয়। গতকাল শনিবার সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটির গোলটেবিল মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ‘পথশিশুদের শিক্ষা বিস্তারে আমাদের করণীয়’ শীর্ষক এ আলোচনা সভার আয়োজন করে এভারগ্রিন জুম বাংলাদেশ ফাউন্ডেশন।

আবুল কালাম আজাদ বলেন, ‘টেন্ডার হওয়ার পর যদি বই বিতরণ পর্যন্ত ঠিকাদারদের পাওনা টাকা আটকে রাখা যেত তবে এরকম ঘটনার সৃষ্টি হতো না। ৩৬ লাখ বইয়ের মলাট দেখলেই তো বোঝা যায় সেটি কোন মানের।’

সভাপতির বক্তব্যে বাংলাদেশ চাইল্ড এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্টের (বিসিইডিপি) চেয়ারম্যান কামারুজ্জামান বলেন, বাংলাদেশে পথশিশুর সংখ্যা ১০ লাখের বেশি। এর মধ্যে কেবল রাজধানীতেই রয়েছে ৩ লাখেরও অধিক পথশিশু। এই শিশুদের শিক্ষা নিশ্চিত করার পাশাপাশি তাদের খাদ্য ও স্বাস্থ্য নিরাপত্তাও দিতে হবে।

আয়োজক সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি এসটি শাহীন বলেন, যে বয়সে শিশুদের বিদ্যালয়ে যাওয়ার কথা, বন্ধুদের সঙ্গে খেলার মাঠে উৎসবে মেতে থাকার কথা ছিল সেই বয়সে পথশিশুরা জীবনযুদ্ধে নেমেছে।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন সাবেক সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল (অব.) এম এ হারুন অর রশিদ, ন্যাপ ভাসানী কো-চেয়ারম্যান পরেশ ভাসানী, বঙ্গবন্ধু গবেষণা পরিষদের সভাপতি লায়ন গণি মিয়া বাবলু, রুহুল আমিন সেলিম, জুম বাংলাদেশ ব্লাড ডোনেশন টিমের কর্মী রাসেল সরকার প্রমুখ।